

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১১৪.২৩ নথির বিষয়: Renovation of Wireless Operator Room under F.M.D-2, DWASA কাজের
প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: Renovation of Wireless Operator Room under F.M.D-2, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৮/২৩ ৫:৩৮ অপরাহ্ন

এফ. এম বিভাগ-২ এর অধীনে মডুস সার্কেল-২ অর্থাৎ মডুস জোন-৪/৫/৮/৯/১০ এর ৬৫৬ টির অধিক গভীর নলকূপে পাম্প মোটর স্থাপন/প্রতিস্থাপন, ডেলিভারী লাইনের অন্যান্য যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়ে থাকে। অত্র বিভাগের অফিস বিল্ডিং (একতলা) অনেক পুরাতন। যাতে অফিস বিল্ডিং, মেশিনশপ, স্টোর ও ওয়্যারলেস অপারেটর রুম/কমপ্লেইন সেন্টার রয়েছে। ২০০৮ সালে নির্মিত উক্ত ওয়্যারলেস অপারেটর রুমের ফ্লোর ও দেয়ালের প্লাস্টার বর্তমানে খসে পড়েছে দেয়ালের রং চটকে গিয়েছে, বৈদ্যুতিক ওয়্যারিং এর তার ছিড়ে বুলন্ত অবস্থাসহ বিদ্যমান ওয়্যারিং এর পিভিসি চ্যানেলগুলো নষ্ট হয়ে আছে। কক্ষের লাইট ও ফ্যান পয়েন্ট পরিবর্তন সহ পিয়ানো সুইচ, গ্যাং সুইচ, ওপিন সকেট ও সুইচিং বোর্ড পরিবর্তন করা প্রয়োজন। ফ্লোরের নষ্ট প্লাস্টার স্ট্রিপিং করে ফ্লোর টাইলস স্থাপন করতে হবে এবং সম্পূর্ণ দেয়াল ভিতরে-বাহিরে নতুন করে প্লাস্টারিং সহ রং করতে হবে। তাছাড়া বিদ্যমান তিনটি রুম ভেঙ্গে দুটি রুমে রূপান্তর করতে হবে। যাতে করে অভিযোগ কেন্দ্রে পর্যাপ্ত ওয়ার্কিং স্পেস পাওয়া যায়। ফিল্ড স্টাফদের রাত্রি কালীন ডিউটিতে থাকার জন্য কাঠের চৌকি স্থাপন/বসার ব্যবস্থা করতে হবে। সে কারনে ওয়্যারলেস অপারেটরের কক্ষটি নতুন করে রিনোভেশন/সংস্কার করার লক্ষ্যে পি.ডব্লিউ.ডি রোট সিডিউল-২০২২ দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৩,৯৭,৯৫৭.৯১২/- (তিন লক্ষ সাতানব্বই হাজার নয়শত সাতান দশমিক নয় এক দুই মাত্র) টাকা। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্ম-পরিকল্পনার অফিস রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-০১ প্যাকেজ নং-পি.ডব্লিউ -০১ এ LTM (e-GP) তে অন্তর্ভুক্ত করা আছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

- ১। APP of Wireless Operator Room.pdf
- ২। Drawing of Wireless Operator Room.pdf
- ৩। PWD rate schedule of Wireless Operator Room.pdf
- ৪। Estimate of Wireless Operator Room.pdf
- ৫। Report of Wireless Operator Room.pdf


অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৮/২৩ ৫:৩৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র LTM (e-GP) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৮/৮/২৩ ৫:৩৯ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Renovation of Wireless Operator Room under F.M.D-2, DWASA কাজের লক্ষ্যে উপস্থাপিত মোট= ৩,৯৭,৯৫৭.৯১২/- (তিন লক্ষ সাতানব্বই হাজার নয়শত সাতান্ন দশমিক নয় এক দুই মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।

			
১৮/৮/২৩ ৫:৫৪ অপরাহ্ন মোঃ শরিফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৮/৮/২৩ ৬:২০ অপরাহ্ন রিয়াদ আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	১৮/৮/২৩ ৬:৫৭ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২০/৮/২৩ ১২:৪২ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল



২০/৮/২৩ ১২:৪২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৩/৮/২৩ ৭:১৬ অপরাহ্ন
অনুমোদিত

			
২৩/৮/২৩ ৭:১৬ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৩/৮/২৩ ৭:২১ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/৮/২৩ ১০:৪৩ অপরাহ্ন রিয়াদ আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	২৪/৮/২৩ ১০:৫৯ পূর্বাহ্ন মোঃ শরিফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।


সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াশা

SAE